

আর্টারিওভেনাস (ধমনী ও শিরার মাধ্যমে)

ডাউগটতর্ষ

হেমোডায়ালিসিসের জন্য




ফিসটুলাসহ সুস্থ থাকার জন্য আপনার যা যা জানা প্রয়োজন

কিডনি (বৃক্ক) অচল হলে তার চিকিৎসার একটি বিকল্প হল হেমোডায়ালিসিস (এইচ.ডি.)। এইচ.ডি. আপনার রক্ত থেকে বর্জ্যপদার্থ ও অতিরিক্ত তরল অপসারণ করে। এইচ.ডি.-তে আপনার জীবনরেখা হল আপনার *রক্তনালী প্রবেশপথ* - আপনার রক্তে পৌঁছানোর কোন একটি উপায়। প্রবেশপথ তিন ধরনের: ফিসটুলা, গ্রাফট ও ক্যাথিটার। এই পুস্তিকাটি ফিসটুলার বিষয়ে।

ফিসটুলার বিষয়ে


একটি ধমনীর সাথে শিরা সেলাই করে, বেশিরভাগ ক্ষেত্রে আপনার হাতে, একটি আর্টারিওভেনাস (এ.ভি.) ফিসটুলা তৈরি করা হয়। ধমনীটি থেকে তীব্র রক্তপ্রবাহ শিরাটিকে আরো বড় করে তোলে। শিরাগুলি আপনার চামড়ার উপরের স্তরের কাছাকাছি থাকে, তাই এইচ.ডি.-র জন্য ফিসটুলা ব্যবহার করা যায়।



যদি আপনি তা রাখতে পারেন, ফিসটুলা হল সেরা প্রবেশপথ:

- ফিসটুলাতে অন্যান্য প্রবেশপথগুলির তুলনায় অনেক কম সংক্রমণ হয় বা রক্ত জমাট বাঁধে।
- প্রত্যেক বার ব্যবহারের পরে শিরা ও ধমনীগুলি সেরে যেতে পারে, তাই একটি ফিসটুলা অনেক দিন ধরে ব্যবহার করা যায়- কখনো কখনো কয়েক দশক ধরে!
- ফিসটুলা হাসপাতালে কম বার মেরামত করতে হয়, তাই আপনি বেশি ভালো বোধ করেন।

সার্জারির পর পূর্ণতাপ্রাপ্ত হতে একটি ফিসটুলার প্রায় 4-6 সপ্তাহ সময় লাগে, যার পর তা এইচ.ডি.-র জন্য ব্যবহার করা যায়। ডাক্তার বা নার্স সিদ্ধান্ত নেবেন যে কখন তা ব্যবহারের জন্য প্রস্তুত। হাত মুঠো করলে, একটি রবারের বল বা হ্যান্ডগ্রিপ চেপে ধরলে আপনার ফিসটুলাতে আরো বেশি রক্ত পৌঁছতে পারে যার ফলে তা আরো ভালোভাবে কাজ করে এবং তাড়াতাড়ি পূর্ণতাপ্রাপ্ত হয়। বাহুর উপরিভাগের ফিসটুলার জন্য, 2-5 পাউণ্ড ওজনের একটি ছোট ডামবেল বা একটি সুপ ক্যান তুলে ধরুন।



“স্টিল সিঙ্ক্রোমচ কি”?

» একজন শল্যচিকিৎসক অবশ্যই আপনার এইচ.ডি.-র প্রয়োজনীয়তা এবং আপনার বাহুর কাজকর্মের সাথে ভারসাম্য রক্ষা করবেন। স্টিল সিঙ্ক্রোম-এর অর্থ হল যে ফিসটুলাটি আপনার বাহুর থেকে খুব বেশি পরিমাণে রক্ত “চুরি” করে। এর ফলে আপনার বাহু ঠাণ্ডা ও অবশ হয়ে পড়ে। যদি তা হয়, আপনার শল্যচিকিৎসককে তা অবিলম্বে জানান; আপনার ফিসটুলার মেরামতের প্রয়োজন হতে পারে। এইচ.ডি.-র সময় একটি দস্তানা (গাভ) পরুন, জিজ্ঞাসা করুন যে একটি হিটিং প্যাড আপনার জন্য নিরাপদ কি না, বা আরো ভালো বোধ করতে আপনার হাত নাড়াচাড়া করুন।



ডায়ালিসিসের জন্য আপনার ফিস্টুলাটি ব্যবহার করা



ধাপ 1: হাত ধুয়ে নিন

ফিস্টুলা ব্যবহারের প্রথম ধাপ হল কর্মীদের নিজেদের হাত ধোওয়া। অকুপেশনাল সেফটি অ্যাণ্ড হেলথ অ্যাডমিনিস্ট্রেশন-এর (ও.এস.এইচ.এ.) প্রয়োজনীয়তা অনুযায়ী কর্মীদের নিজেদের এবং আপনাকে সুরক্ষিত রাখতে তাদের হাত ধুতে হবে ও দস্তানা (গাভস) পরতে হবে। এইচ.ডি.-র আগে প্রবেশপথ হিসাবে ব্যবহৃত আপনার বাহুটি কিভাবে ধুতে হবে তা আপনার কেন্দ্র আপনাকে শিখিয়ে দেবে।

ধাপ 2: সংক্রমণের দিকে নজর রাখুন

প্রত্যেক এইচ.ডি. চিকিৎসার সময়, আপনার নার্স বা টেকনিশিয়ান আপনার ফিস্টুলাতে কোন সংক্রমণ বা ক্ষতির চিহ্ন আছে কিনা তা দেখবেন। এতে অন্তর্ভুক্ত হল:

- লালভাব, গরমভাব, বা ফুলে যাওয়া
- স্পর্শকাতরতা
- পুঁজ বা ক্ষত

যদি আপনার জ্বর হয় বা আপনি অবসন্ন বোধ করেন, আপনার কেয়ার টিমকে তা জানান।

ধাপ 3: রক্ত প্রবাহের জন্য কান পাড়ুন

নার্স বা টেকনিশিয়ান আপনার ফিস্টুলাতে রক্তের প্রবাহ একটি স্টেথোস্কোপের মাধ্যমে শুনবেন।

ধাপ 4: প্রবেশপথটি জীবানুনাশক দিয়ে পরিষ্কার করুন

আপনার ফিস্টুলাটি এইচ.ডি.-র জন্য ব্যবহার করার আগে নার্স বা টেকনিশিয়ান একটি গজ প্যাড এবং জীবানুনাশক সল্যুশন দিয়ে আপনার বাহু পরিষ্কার করবেন।

ধাপ 5: সুচগুলি লাগান

এইচ.ডি.-র জন্য দুটি সুচ ব্যবহার করা হয়। একটি “ধাম-নিক” সুচ আপনার রক্ত ডায়ালাইজারে পৌঁছে দেয়। একটি “শৈরিক” সুচ রক্ত আপনার শরীরে ফেরৎ আনে। নার্স বা টেকনিশিয়ান আপনার হাতে একটি টরনিকেট (রবারের ব্যাণ্ড) বাঁধবেন যাতে আপনার রক্ত নালিকাগুলি উঁচু হয়ে ওঠে। তারপর তিনি- বা আপনি -এক বারে একটি করে সুচ আপনার চামড়ার মধ্যে দিয়ে আপনার ফিস্টুলাতে নিয়ে যাবেন, এবং তা টেপ করবেন এবং এইচ.ডি. টিউবিং-এর সাথে তা সংযুক্ত করবেন। এইচ.ডি. করার সময় সুচগুলি থেকে ব্যথা লাগা উচিত নয়। যদি তা হয় আপনার কেয়ার টিমকে তা জানান।

ধাপ 6: সুচগুলি খুলে নিন

কোন চিকিৎসার পরে নার্স বা টেকনিশিয়ান - বা আপনি - টেপ খুলে সুচ সরিয়ে রাখবেন। সুচগুলি সম্পূর্ণভাবে বের করে নেওয়ার সাথে সাথে আপনাকে সার্জিকাল গাভস পরে নিতে হবে এবং রক্ত পড়া বন্ধ করার জন্য প্রায় 10 মিনিট ধরে সুচের স্থানগুলি চেপে রাখতে হবে। **যখন সুচগুলি বের করে নেওয়া হচ্ছে তখন কাউকে আপনার ফিস্টুলাতে চাপ দিতে দেবেন না: এটি আপনার ফিস্টুলার ক্ষতি করতে পারে।** কিভাবে সঠিক পরিমাণে চাপ দিতে হবে তা কর্মীরা আপনাকে শিখিয়ে দেবেন। আপনার ক্ষতস্থানগুলি যথেষ্ট সময় (চেপে) ধরে না থাকলে **হেমাটোমার** (ত্বকের নিচে রক্তপাত) সৃষ্টি হতে পারে বা আপনি কেন্দ্র ছেড়ে চলে যাবার পরে রক্তপাত হতে পারে।

ডায়ালিসিসের সময়ে আপনার

ফিস্টুলা দৃষ্টিগোচর রাখুন

» এইচ.ডি.-র সময়ে আপনার ফিস্টুলা সব সময়ে উন্মুক্ত রাখুন যাতে কর্মীরা তা দেখতে পান। যদি কোন সুচ বেরিয়ে আসে, বা একটি লাইন খুলে যায়, কর্মীরা সঙ্গে সঙ্গে তা জানতে পারবেন যাতে তারা আপনাকে সাহায্য করতে পারেন। আপনি একটি কম্বল গায়ে দিতে পারেন - কিন্তু কখনো আপনার ফিস্টুলা ঢেকে রাখবেন না।



শরীরের প্রতিচ্ছবি ও ফিসটুলা

কোন কোন বক্তা সবসময়ে তাদের ফিসটুলা ঢেকে রাখা পছন্দ করেন। (কারণ) কিডনির রোগের বিষয়ে অনেকে শিক্ষাদান করতে অনেকে নানা প্রশ্ন করেন। আপনি কিভাবে আপনার ফিসটুলার বিষয়ে জানাবেন তা আপনার উপর নির্ভর করে।

» “আমার ফিসটুলা 14 বছর বয়সে লাগানো হয় এবং সেটা কি তার বিষয়ে আমি সকলের কাছে মিথ্যা কথা বলি। আমি বলি যে একটি স্কি দুর্ঘটনার ফলে আমার সেলাইয়ের প্রয়োজন হয়। পাছে তা আবিষ্কৃত হয় সেজন্য আমি নিজের বিষয়ে এত সচেতন ও ভীত ছিলাম, যে আমি বড় হাতা জামা পরতাম, এমনকি গরমকালেও।” - মেরি

» “আমি আজ প্রথম ছোট হাতা জামা পরলাম - তাপমান বেড়ে প্রায় 72° হয়েছিল। খুব ভালো লাগছিল, কিন্তু আমার বাঁ হাতের উপরের অংশে সবকটা মাংসপিণ্ড ও ফোলা সহ খোলা প্রবেশপথের স্থানটি যারা দেখেন নি এমন অনেক লোককেই আমি ঘাবড়ে দিয়েছিলাম। আমার যখন প্রথম এটি হয়েছিল তার তুলনায় এখন আমি কম অস্বস্তি বোধ করি। যাই হোক, গরম আবহাওয়া সাধারণত জিতে যায়, এবং তাতে আমার কিছু এসে যায় নি। আমি শান্ত থাকতে পছন্দ করছি।” - ন্যাঙ্গি

» “আমি ভাবি যে আমার ফিসটুলা এমন একটি জিনিস যা আমাকে বাঁচিয়ে রাখে! তা কিরকম দেখতে সে বিষয়ে কে ভাবে? যদি আপনি ভালো মেজাজে থাকেন, আপনি মানুষকে ডায়ালিসিসের বিষয়ে জানাতে পারেন। যদি আপনি তা না থাকেন, কোন অদ্ভুত গল্পের কথা ভাবুন যেমন সবচেয়ে ঘন, অন্ধকার জঙ্গলে আমার শেষ সাফারির সময়ে আমার এই জায়গায় একটি বাঘ কামড়ে দিয়েছিল।” - রবিন

একটি ফিসটুলা আপনাকে এইচ.ডি.-র মাধ্যমে আরো বেশিদিন বেঁচে থাকতে সাহায্য করতে পারে। কিন্তু সেটি দেখতে পেলে মানুষ তার বিষয়ে আপনাকে জিজ্ঞাসা করতে পারে। কিডনির রোগ বেশির ভাগ সময় লুক্কায়িত থাকে - আপনি না বললে মানুষ জানতে পারে না যে আপনার তা আছে। কিন্তু ফিসটুলা দেখা যেতে পারে, যা আপনাকে মানিয়ে নিতে হবে। আপনার শরীরে কোন পরিবর্তন হলে তার বিষয়ে দুঃখ হওয়া স্বাভাবিক এবং আপনার অনুভূতির বিষয়ে কারোর সাথে কথা বলতে চাওয়া যেতেই পারে। আপনার ডায়ালিসিসের সামাজিক কর্মী এবং অন্যান্য রোগীরা কথা বলার জন্য সহায়ক হতে পারেন।

আপনার ফিসটুলাটিকে কিভাবে সুস্থ রাখবেন

ফিসটুলা হল প্রবেশপথ তৈরির সেরা উপায় কিন্তু কোন উপায়ই নিখুঁত হয় না। একটি ফিসটুলা প্রথম থেকেই কাজ নাও করতে পারে। বা তা প্রথম কয়েকবার ব্যবহার করা কঠিন হতে পারে। আপনার ফিসটুলা আপনার কেয়ার টিমের কাছে নতুন, এবং তা ফুলে যেতে পারে। এর ফলে সুচ ফোটানো কঠিন হতে পারে। এটা করতে একাধিকবার চেষ্টা করতে হতে পারে। ফিসটুলা ফুটো হয়ে যেতে পারে- সুচটি নালিকার এক দিক দিয়ে ঢুকে অন্য দিক দিয়ে বেরিয়ে যেতে পারে। রক্ত আপনার টিস্যুতে চুঁইয়ে যেতে পারে, যার ফলে ফুলে যেতে বা কালশিটে পড়তে পারে। আপনার একটি নতুন সুচ ফোটানোর প্রয়োজন হবে, এবং কালশিটে ব্যথা হতে পারে। এটি আপনার ফিসটুলায় ক্ষতি করতে পারে।

কিছু কর্মীরা নতুন বা ব্যবহারকরা-কষ্টসাধ্য ফিসটুলায় সুচ ফোটানোতে পারদর্শী হন। বেশিরভাগ কেন্দ্রেই সুচটি বসানোর জন্য আপনাকে সাহায্য করতে এই ধরনের কর্মীরা থাকবেন। সংক্রমণ, রক্তজমাট বাঁধা, এবং অন্যান্য সমস্যা হতে পারে (কিন্তু অন্যান্য ধরনের প্রবেশপথগুলির তুলনায় ফিসটুলাতে তার সম্ভাবনা কম)।



সংক্রমণ

যে কোন ব্যবহারের স্থানে সংক্রমণ হতে পারে। ব্যাকটেরিয়া সব জায়গায় থাকে- চামড়ার উপরে, নাকের ভিতরে, যেকোন কিছুর উপরিভাগে.... যদি সুচটি আপনার চামড়ার মধ্যে দিয়ে তা আপনার রক্তে পাঠিয়ে দেয়, তার ফলে রক্তে বিষক্রিয়া, বা সেপসিস হতে পারে। সেপসিস মারাত্মক হতে পারে। আপনার শ্রেষ্ঠ সুরক্ষা হল প্রত্যেক এইচ.ডি. চিকিৎসার আগে আপনার বাহুটি (বা পা-টি) অ্যান্টিবায়োটিকেরিয়াল সাবান বা অ্যালকোহল দিয়ে ধোওয়া।

ডায়ালিসিসের সুচগুলির বিষয়ে রোগীরা যা বলেন

অনেক ব্যক্তি যারা এইচ.ডি. বেছে নেন তারা সুচের বিষয়ে উদ্বিগ্ন থাকেন। সুচ লাগানোর স্থানগুলি ওষুধ দিয়ে অবশ্য করে দেওয়া যায়। ডায়ালিসিসের সুচগুলি ঢুকিয়ে রাখার সময় কেমন লাগে? যে ব্যক্তির এ র মধ্য দিয়ে গিয়েছেন তাঁরা আপনাকে তা জানাতে পারবেন:

“আমি কোন ওষুধ ব্যবহার করি না। যখন আমি প্রথম শুরু করি আমারও আপনার মত একই ভয় ছিল। যা আমাকে সাহায্য করেছে তা হল মনে মনে তা কল্পনা করা। আমি নিজেকে বলি যে আমি যেটা পছন্দ করি না তা বস্তুত হল সুচের খোঁচ। আমি ভেবে দেখেছি যে প্রত্যেক সুচের জন্য আধ সেকেন্ড সময় লাগে। আমি যা ভয় পেতাম তা শুধুমাত্র এক সেকেন্ড থাকে। আমি ভেবে দেখলাম যে আমি অতটুকু ব্যথা সহ্য করতে পারি।”

“আমার অভিজ্ঞতা হল যে লিডোকেইন সুচগুলিতে কয়েক সেকেন্ডের জন্য ব্যথা লাগে (কখনো কখনো আমি তা টেরও পাই না)। অন্যদিকে, যে সময়গুলিতে আমি ডায়ালিসিসের সুচগুলি ভিতরে ঢোকা টের পাই, তাতে সত্যিই ব্যথা লাগে, যদিও আমি যতটা বেশি ভেবেছিলাম তার থেকে কম। কিন্তু আমার এই ব্যথা বেশ কয়েক মিনিট ধরে থাকে। তাই আমি লিডোকেইন গ্রহণ করতে পছন্দ করি এবং আমি খুশি যে আমার এই বিকল্প আছে।”

স্টেনোসিস: রক্তনালিকা সরু হয়ে যাওয়া

স্টেনোসিস ধীরে ধীরে আপনার ফিসটুলাতে রক্ত প্রবাহ বন্ধ করে দেয়, কাজেই আপনি সবচেয়ে ভালো বোধ করার মত যথেষ্ট এইচ.ডি. পান না। তবে এর ফলে ফিসটুলা ক্ষতিগ্রস্ত হয়ে যাবার আগেই তা ঠিক করার প্রায়ই সময় থাকে। কয়েকটি জিনিস যা আপনি করতে পারেন তা হল:

- প্রত্যেক দিন আপনার ফিসটুলার শিরশিরানি (শব্দ) অনুভব করুন। তাতে পরিবর্তন হলে ডাক্তারকে ডাকুন।
- যদি বেশিরভাগ এইচ.ডি. চিকিৎসার পরে আপনার রক্তপাত বন্ধ করা কঠিন হয়, অথবা ক্লিনিক ছেড়ে যাবার পর তা আবার শুরু হয়, স্টেনোসিসের জন্য আপনার ফিসটুলাতে চাপ বেড়ে যাওয়া তার কারণ হতে পারে। ডাক্তারকে ডাকুন।

কাউকে রক্ত টেনে নিতে, আই.ভি. শুরু করতে, বা আপনার ফিসটুলার বাহুতে রক্তচাপ মাপতে দেবেন না।

স্টেনোসিস মেরামত করা

আল্ট্রাসাউণ্ড আপনার ফিসটুলাতে রক্তের প্রবাহ পরীক্ষা করতে পারে। যদি কোন সমস্যা থাকে:

- একটি ছোট্ট বেলুন নালিকাটিতে রেখে তা ফুলিয়ে দেওয়া হয় (অ্যাঞ্জিওপ্লাস্টি)
- নালিকাটিতে একটি ধাতুর স্টেন্ট রেখে তা খোলা রাখা যায়।
- অস্ত্রোপচার করা যায়।



থ্রম্বসিস: রক্ত পিণ্ড

রক্তে জমাট বাঁধার কোষগুলি (যাদের প্লেটলেট বা অনুচক্রিকা বলা হয়) একসাথে আটকে থাকে। তারা ক্ষতিগ্রস্ত রক্তনালিকাগুলি বন্ধ করে দেয়, যেমন একটি কর্ক বোতলের মুখ আটকে দেয়। কিন্তু প্লেটলেটের ক্ষতের টিস্যুতেও আটকে থাকে - এবং প্রতিটি সুচ একটি ছোট ক্ষতের সৃষ্টি করে। যদি আপনার প্রবেশপথের মধ্য দিয়ে রক্তের প্রবাহ খুব মন্থর হয়, এই ছোট ক্ষতগুলি থেকে রক্তপিণ্ডের সৃষ্টি হতে পারে। একটি রক্তপিণ্ড ফিসটুলাটিকে আটকে দিতে পারে যাতে এর মধ্য দিয়ে কোন রক্ত চলাচল না করে। ফিসটুলাটিকে মেরামত করতে হবে- বা তা প্রতিস্থাপিত করতে হবে।


রক্ত পিণ্ডের সৃষ্টি তাড়াতাড়ি হতে পারে যা স্টেনোসিসে হয় না। প্রধান সতর্কতামূলক লক্ষণ হল শিরশিরেভাব কমে যায় বা বন্ধ হয়ে যায়। যদি আপনি তা লক্ষ্য করেন আপনার ডাক্তার বা নার্সকে অবিলম্বে জানান। অনেক রক্তপিণ্ডের চিকিৎসা ওষুধ, এক্স-রে নির্দেশিত পদ্ধতি, বা অস্ত্রোপচারের মাধ্যমে করা যায়। রক্তপিণ্ড জমাট বাঁধা আটকাতে আর যা আপনি করতে পারেন তা হল:

- আপনার যদি মাংসপেশীতে সঙ্কোচন হয়, বা দুর্বল লাগে, মাথা ঝিম ঝিম করে, পেটে অস্বস্তি হয় আপনার কেয়ার টিমকে তা অবিলম্বে জানান।
- দুটি চিকিৎসার মধ্যে বেশি তরলজাত ওজন বাড়াবেন না।
- আপনার তরলের লক্ষ্যমাত্রা এবং গুরু ওজন জেনে নিন। দেখে নিন যে আপনার যন্ত্রে তরলের লক্ষ্যমাত্রা সঠিকভাবে নির্ধারণ করা আছে কিনা যাতে আপনি অত্যন্ত গুরু না হয়ে যান।
- আপনার ফিসটুলাটি টিপে বা মুচড়ে ধরবেন না: আপনার ফিসটুলার উপর শোবেন না বা তার আশপাশ দিয়ে ভারী জিনিষ বইবেন না। শক্ত করে বাঁধা হাতঘড়ি, ব্রেসলেট বা আস্তিন (জামার হাতা) পরিহার করুন।
- আপনার রক্ত জমাট বাঁধা প্রতিরোধকারী ওষুধের মাত্রা জেনে নিন এবং প্রশ্ন করে নিশ্চিত করুন যে আপনি তা সঠিক মাত্রায় নিচ্ছেন।

অ্যানিউরিজম: বেলুনের মত ফুলে ওঠা দুর্বল স্থান


যখন কোন ফিসটুলা একটি ছোট জায়গায় বার বার আটকে থাকে, রক্তনালিকার দেওয়াল দুর্বল হয়ে যেতে পারে। সময়ের সাথে, এই দুর্বল হয়ে যাওয়া দেওয়ালগুলি বেলুনের মত ফুলে ওঠে- এটি একটি অ্যানিউরিজম। এটি ফেটে যাবার ঝুঁকি থাকে। যদি অ্যানিউরিজম-এর উপরের চামড়া না সেরে ওঠে বা কয়েকটি সুচের স্থান থেকে যায় তাহলে তা মেরামতের প্রয়োজন হয়।

আগের ব্যবহৃত স্থানগুলি থেকে অন্তত ¼ ইঞ্চি দূরে নতুন সুচটি লাগালে অ্যানিউরিজম এড়িয়ে চলা যায়। এই উপায়ে কোন একটি স্থান বার বার ব্যবহৃত হবে না। ফিসটুলাতে সুচের ফুটোগুলি সেরে ওঠে, কিন্তু আপনার পরের স্থানটি কোথায় হবে তা আপনি হিসাব রাখতে পারেন।



চলমান রক্তপিণ্ডগুলির দিকে নজর রাখুন!

» আপনার ফিসটুলায় রক্ত পিণ্ডটি স্থায়ী নাও থাকতে পারে। রক্তপিণ্ড গলে গিয়ে আপনার সারা শরীরে ঘুরে বেড়াতে পারে। যদি সাম্প্রতিককালে আপনার কোন রক্তপিণ্ড জমাট বেঁধে থাকে এবং আপনার পিঠে ব্যথা বা নিশ্বাস নিতে কষ্ট হয়, আপৎকালীন সেবার সন্ধান করুন।



উপসংহার

ফিস্টুলার ভালোভাবে দেখাশুনা করার লক্ষ্য হল আপনার জীবনের পথটি চালু রাখা যাতে আপনি ভালো করে এইচ.ডি. পেতে পারেন। হয় আপনার ফিস্টুলার যত্ন নতুবা আপনার ঝুঁকিপূর্ণ স্বাস্থ্য। আপনার ফিস্টুলাটি সুস্থ রাখার সম্ভাবনা সবচেয়ে বেশি হয় যখন আপনি আপনার কেয়ার টিমের একজন সক্রিয় সহযোগী হন।

টীকা:



MEDICAL • EDUCATION
INSTITUTE *inc.*

WWW.MEDICALEDUCATIONINSTITUTE.ORG

© 2009, Medical Education Institute, Inc, www.meiresearch.org